



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-
বাংলা নগর, ঢাকা-১২০৭।
প্রশাসন বিভাগ



নম্বর ১৪.৩২.০০০০.৪০০.২৬.০০৩.২৩.১৭৫১

তারিখ: ৯ কার্তিক ১৪৩০

২৫ অক্টোবর ২০২৩

সীমিত দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: কমিশনের ০১(এক)টি মনিটরিং জীপ গাড়ি মেরামতের জন্য সীমিত দরপত্র বিজ্ঞপ্তি।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)’র ০১(এক)টি মনিটরিং জীপ [ল্যান্ড রোভার ডিফেন্ডার ১১০ স্টেশন ওয়াগন] মেরামতের নিমিত্ত কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত আগ্রহী যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপসমূহের নিকট হতে নিম্নে উল্লেখিত শর্তানুযায়ী নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| | | |
|-----|--|--|
| ০১। | মন্ত্রণালয়/বিভাগ | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়। |
| ০২। | দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) |
| ০৩। | দরপত্রের বিবরণ | কমিশনের মনিটরিং জীপ ঢাকা-মেট্রো-শ-১১-০৭৪৮ গাড়ির যন্ত্রাংশ সরবরাহ ও আনুষঙ্গিক মেরামত কাজ। |
| ০৪। | দরপত্র বিজ্ঞপ্তির নং ও তারিখ | ১৪.৩২.০০০০.৪০০.২৬.০০৩.২৩.১৭৫১, তারিখঃ ২৫/১০/২০২৩ খ্রিষ্টাব্দ। |
| ০৫। | ক্রয় পদ্ধতি | সীমিত দরপত্র পদ্ধতি(Limited Tendering Method) |
| ০৬। | দরপত্র সিডিউল বিতরণের শেষ তারিখ ও সময় | আগামী ২৬/১০/২০২৩ তারিখ হতে ০৫/১১/২০২৩ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করতে হবে। |
| ০৭। | দরপত্র দাখিলের তারিখ ও সময় | আগামী ০৬/১১/২০২৩ তারিখ, সময়ঃ বেলা ১:৩০ ঘটিকা পর্যন্ত। |
| ০৮। | দরপত্র দাখিলের স্থান | বিটিআরসি, প্লট #ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭। |
| ৯। | দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময় | আগামী ০৬/১১/২০২৩ তারিখ, সময়ঃ ২:০০ ঘটিকা। |
| ১০। | দরপত্রদাতার সংক্ষিপ্ত যোগ্যতার ও উপযুক্ততা | (ক) দরদাতা প্রতিষ্ঠানকে কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপ হতে হবে। (খ) কমিশনে তালিকাভুক্ত পত্র দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে। (গ) পরিবহন সংক্রান্ত কাজ/সেবা প্রদানে দরপত্রদাতার (প্রতিষ্ঠান) ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) পরিবহন সংক্রান্ত কাজ/সেবা প্রদানের ন্যূনতম ০১(এক) টি সনদ/চুক্তি বিগত ০৫(পাঁচ) বৎসরের মধ্যে সফলতার সহিত সরবরাহকারী হিসাবে সমাপ্ত করিবার ন্যূনতম সুনির্দিষ্ট অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে, যার মূল্যমান ন্যূনতম ১,৪৫,০০০/-(এক লক্ষ পঁয়চল্লিশ হাজার) টাকা হতে হবে। (ঙ) দরপত্রদাতার ন্যূনতম তরল সম্পদ, যেমন - চলতি মূলধন বা ক্রেডিট লাইন বরাদ্দের সীমা হইবে ২,২৫,০০০/-(দুই লক্ষ পঁচিশ হাজার) টাকা। |
| ১১। | দরপত্র দলিলের মূল্য (টাকা) | বিনামূল্যে |
| ১২। | অন্যান্য শর্তাবলী | (ক) আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহ্যাড প্যাডে ও নির্ধারিত দরপত্র সিডিউল যথাযথভাবে পূরণ করতঃ সিলমোহরকৃত খামে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপত্র সিডিউলের প্রতিটি পাতায় দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর থাকতে হবে। |

| | | | |
|-----|---|-----|--|
| | | (খ) | দরপত্র সিডিউলে উল্লেখিত অন্যান্য শর্তাবলী অনুসরণ করে দরপ্রস্তাব দাখিল করতে হবে। |
| | | (গ) | দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ মোতাবেক পরিচালিত হবে। |
| | | (ঘ) | বিটিআরসি দরপত্র দলিলের শর্তাবলীর যে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারে। |
| | | (ঙ) | দরপত্র বিজ্ঞপ্তিটি বিটিআরসি'র ওয়েবসাইট www.btrc.gov.bd তে পাওয়া যাবে। |
| ১৩। | কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিটিআরসি সকল দরপত্র বা দরপত্র প্রক্রিয়া বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে। | | |



২৫-১০-২০২৩

মোঃ আসাদুজ্জামান

উপ-পরিচালক

ফোন: +৮৮০ ২ ২২২২১৭০০০

ফ্যাক্স: +৮৮০ ২ ২২২২১৭১৬৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) কমিশনের তালিকাভুক্ত হালনাগাদকৃত যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান।